

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৬৮

১৪/ কর, খাজনা, অনুদান ও প্রশাসনিক দায়িত্ব সম্পর্কে (کتاب الخراج والإمارة والفيء) পরিচ্ছেদঃ ১৭৫. অনাবাদী যমীন আবাদ করা।

باب فِي إِحْيَاءِ الْمَوَاتِ

## আরবী

حَدَّتَنَا سَهْلُ بْنُ بَكَّارٍ، حَدَّتَنَا وُهَيْبُ بْنُ خَالِد، عَنْ عَمْرِو بْنِ يَحْيَى، عَنِ الْعَبَّاسِ السَّاعِدِيِّ، \_ يَعْنِي ابْنَ سَهْلِ بْنِ سَعْدٍ \_ عَنْ أَبِي حُمَيْدِ السَّاعِدِيِّ، قَالَ غَزَوْتُ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم تَبُوكَ فَلَمَّا أَتَى وَادِيَ الْقُرَى إِذَا امْرَأَةٌ فِي حَدِيقَةٍ لَهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لأَصْحَابِهِ " اخْرُصُوا " . فَخَرَصَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لأَصْحَابِهِ " اخْرُصُوا " . فَخَرَصَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَشَرَةَ أَوْسُقٍ فَقَالَ لِلْمَرْأَةِ " أَحْصِي مَا يَخْرُجُ مِنْهَا " . فَأَتَيْنَا تَبُوكَ فَقَالَ لِلْمَرْأَةِ " أَحْصِي مَا يَخْرُجُ مِنْهَا " . فَأَتَيْنَا تَبُوكَ فَأَهُدَى مَلِكُ أَيْلَةَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بَعْلَةً بَيْضَاءَ وَكَسَاهُ بُرْدَةً وَكَتَبَ لَهُ \_ يَعْنِي \_ بِبَحْرِهِ . قَالَ فَلَمَّا أَتَيْنَا وَادِيَ الْقُرَى قَالَ لِلْمَرْأَةِ " كَمْ كَانَ فِي حَدِيقَتِكِ " . فَالَتَ عُشَرَةَ أَوْسُقٍ خَرْصَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنِّي مُتَعَجِّلٌ إِلَى الْمَدِينَةِ فَمَنْ أَرَادَ مِنْكُمْ أَنْ يَتَعَجَّلَ مَعِي فَلْيَتَعَجَّلٌ " .

## বাংলা

৩০৬৮. সাহল ইবন বাককার (রহঃ) ...... আবূ হুমায়দ সা'ঈদী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর সংগে তাবুকের যুদ্ধে গমন করেছিলাম। যখন তিনি 'ওয়াদিয়ে কুরা' নামক স্থানে পৌছান, তখন তিনি একজন মহিলাকে দেখতে পান, যে তার বাগানে বসা ছিল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের বলেনঃ এ বাগানে কত ফল আছে, তা তোমরা অনুমান কর। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে 'দশ-ওয়াসাক' পরিমাণ ফল আছে বলে অনুমান করেন।

পরে তিনি সে মহিলাকে বলেনঃ এ বাগানে কত ফল উৎপন্ন হয়, তুমি তার হিসাব রাখবে। অবশেষে আমরা তাবৃক পৌছাই। তখন 'ঈলা' নামক স্থানের নেতা একটা সাদা বর্ণের খচ্চর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে হাদিয়া হিসাবে প্রদান করেন। আর তিনি তাঁকে একটি চাদর দেন এবং তাকে বাহর এলাকার যমীনের লিখিত বন্দোবস্ত প্রদান করেন।



রাবী বলেনঃ ফেরার পথে আমরা ওয়াদিয়ে কুরা'তে যখন পৌছাই, তখন তিনি তাকে (সে মহিলাকে) জিজ্ঞাসা করেনঃ তোমার বাগানে কি পরিমাণ ফল উংপন্ন হয়েছে? সে (মহিলা) বলেঃ 'দশ ওয়াসাক' পরিমাণ, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আগে অনুমাণ করেছিলেন। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি দ্রুত মদীনায় ফিরে যেতে চাই। কাজেই তোমাদের যে আমার সঙ্গে দ্রুত চলতে চায়, সে যেন দ্রুত করে।

## **English**

Abu Humaid Al Sa'idi said "I went to Tabuk on an expedition along with the Apostle of Allaah(\*\*). When he reached Wadi Al Qura, he found a woman in her garden. The Apostle of Allaah(\*\*) said to his Companions "Assess (the quantity o fruits). The Apostle of Allaah(\*\*) assessed ten wasqs." He said to the woman "Count the produce of it. We then came to Tabuk." The monarch of Allah presented a white mule as a gift to the Apostle of Allaah(\*\*). He presented a cloak as a gift o him and wrote a document for his land at sea coast. When we came to Wadi Al Qura he said to the woman "How much is the produce of your garden?" She replied "Ten wasqs which the Apostle of Allaah(\*\*) had assessed." The Apostle of Allaah(\*\*) said "I am going quickly to Madeenah if any of you intend to go quickly with me, he should make haste."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুমায়দ সা'ঈদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন